গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা কৃষি অফিসারের কার্যালয়
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১৩৭

তারিখ ঃ ১৮ ফাল্গুন ১৪৩১।
০৩ মার্চ ২০২৫।

## নোটিশ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৫ মার্চ ২০২৫ খ্রি. তারিখ বেলা ১০.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভা কক্ষে কৃষি ও সেচ কমিটির সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় সভাপতিত্ব করবেন জনাব রেহেনুমা তারান্নুম, প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম মহোদয়।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি ঃ**

১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।
২। উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা ।
৩। বিবিধ।

০৩/০৩/২৫
(মোছাঃ নিলুফা ইয়াছমিন)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
উপজেলা কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

.................................................................
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

## পরিশিষ্ট- "ক"

### কৃষি ও সেচ কমিটির সভার হাজিরা স্বাক্ষরঃ

স্থানঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম। সভার তারিখঃ ০৫|০৬|২০২৫

| ক্রমিক নং | নাম | পদবী | কমিটিতে পদবী | স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ১ | রেহেনুমা তারান্নুম | প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম | সভাপতি | |
| ২ | মোহাম্মদ আলী শেখ | চেয়ারম্যান ভাঙ্গামোড় ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৩ | মোঃ মনিরুজ্জামান মানিক | চেয়ারম্যান কাশিপুর ইউনিয়ন পরিষদ ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৪ | মোঃ হাফিজুর রহমান | উপজেলা মৎস্য কর্মকর্তা ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য | |
| ৫ | মোছাঃ নিলুফা ইয়াছমিন | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। | সদস্য-সচিব | |

## উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

বিষয় ঃ উপজেলা কৃষি ও সেচ কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি ঃ রেহেনুমা তারান্নুম
প্রশাসক, উপজেলা পরিষদ
ফুলবাড়ী, কুড়িগ্রাম

তারিখ ঃ ০৫ মার্চ ২০২৫ খ্রি.

স্থান ঃ উপজেলা পরিষদ সভা কক্ষ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।

সময় ঃ বেলা ১০.৩০ ঘটিকা ।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট- "ক" তে দেখানো হলো।

অদ্যকার সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কাজ শুরু করা হয়। বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনানো হয় যা সর্বসম্মতিক্রমে গৃহীত হওয়ায় উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব কৃষি ও সেচ কমিটিকে সভা পরিচালনার জন্য আহবান জানানো হয়। অতঃপর নিম্নোক্ত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

| আলোচ্য বিষয়-২ ঃ উপজেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সার্বিক বিষয় নিয়ে আলোচনা | | |
|---|---|---|
| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| উপজেলা কৃষি অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। তিনি জানান যে,<br>(ক) অত্র উপজেলায় চলতি বোরো মৌসুমে ১০২৫০ হেক্টর জমিতে বোরো ধান চাষের লক্ষ্যমাত্রার প্রায় শতকরা ৬০ ভাগ জমিতে বোরো ধান রোপণ হয়েছে।<br>(খ) মাঠে দণ্ডায়মান অন্যান্য ফসলের বর্তমান অবস্থা ভালো।<br>(গ) ডিলার পর্যায়ে রাসায়নিক সার মজুদ ও বিতরণ পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। এ ব্যাপারে মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মাধ্যমে সার ডিলারের দোকান পরিদর্শন ও মনিটরিং ব্যবস্থা জোরদার করা হয়েছে।<br>(ঘ) বিভাগীয় বিশেষ কার্যক্রমের আওতায় উপজেলার বড়ভিটা ইউনিয়নের বড়ভিটা ব্লকে রাইস ট্রান্সপ্লান্টার এর মাধ্যমে ১৫০ বিঘা জমিতে বোরো উফশী ধানের সমলয় ব্লক প্রদর্শনী স্থাপন করা হয়েছে। | কৃষি বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন করতে হবে। কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রমসমূহ এবং মাঠ পর্যায়ের কর্মকর্তাগণের মনিরটরিং কার্যক্রম জোরদার করতে হবে। কৃষি যান্ত্রিকীকরণ প্রচেষ্টা অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার ফুলবাড়ী, কুড়িগ্রাম। |
| উপজেলা মৎস্য অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম সভায় জানান যে, তাঁর বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। মৎস্য আইন বাস্তবায়নে বিভিন্ন হাট বাজার পরিদর্শন করা হয় এবং পিরানহা মাছ ও আফ্রিকান মাগুরের ব্যাপারে সতর্ক করা হয়। ০১ নভেম্বর ২০২৪ হতে আগামী ৩০ জুন ২০২৫ পর্যন্ত জাটকা ইলিশ ধরা, ক্রয় এবং বাজারজাতকরণ নিষিদ্ধ। মৎস্য চাষির পুকুর পরিদর্শন ও পরামর্শ প্রদান চলমান রয়েছে। | সভায় আলোচনান্তে দাপ্তরিক কার্যক্রমসহ মৎস্য সম্পদের উন্নয়ন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, ফুলবাড়ী। |

পরিশেষে, বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভায় উপস্থিত সকল সদস্যকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

০৫/০৩/২৫

(রেহেনুমা তারান্নুম)
প্রশাসক, উপজেলা পরিষদ
ও সভাপতি
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।

স্মারক নং- ১৫৬ তারিখ ঃ ২১ ফাল্গুন ১৪৩১। / ০৬ মার্চ ২০২৫।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ঃ

১। প্রশাসক, উপজেলা পরিষদ, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
২। উপজেলা নির্বাহী অফিসার, ফুলবাড়ী, কুড়িগ্রাম।
৩। নোটিশ বোর্ড।

০৬/০৩/২৫
(মোছাঃ নিলুফা ইয়াছমিন)
উপজেলা কৃষি অফিসার
ও সদস্য সচিব
কৃষি ও সেচ কমিটি
ফুলবাড়ী, কুড়িগ্রাম।